

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
দপ্তর ও সংস্থা অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৭.১৮- ১২৫

তারিখ : ০৯ বৈশাখ ১৪২৫
২২ এপ্রিল ২০১৮

আদেশ

যেহেতু, জনাব পেয়ার আহাম্মদ, সিনিয়র ইস্ট্রাষ্টর, বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এর বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ৬০ দিনের উর্ধ্বে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের উপর ভিত্তি করে এ মন্ত্রণালয়ের ২৯/০৮/২০১৭ তারিখের ৪৯.০০২.০০০৪.০০.০০.৩০৭.২০১৭-৩৪৭নং স্মারক অনুযায়ী তার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার আওতায় বিভাগীয় মামলা চালু করে তার কৈফিয়ত তলব করা হয়;

০২। যেহেতু, জনাব পেয়ার আহাম্মদ উক্ত অভিযোগের বিষয়ে একটি বিস্তারিত জবাব পেশ করেন;

০৩। যেহেতু, জনাব পেয়ার আহাম্মদ কর্তৃক দাখিলকৃত লিখিত জবাব বিশ্লেষণে সন্তোষজনক প্রতীয়মান হয়নি বিধায় মামলাটি তদন্তের জন্য এই মন্ত্রণালয়ের ১৬ জানুয়ারি ২০১৮ তারিখের ৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৭.১৮-১৭নং স্মারকমূলে উপসচিব, বেগম শোভা শাহনাজকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা মামলাটি তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং উক্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৫। যেহেতু, উল্লিখিত তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে জনাব পেয়ার আহাম্মদকে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এবং ৩(সি) অনুযায়ী 'বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ' এর অপরাধে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তার পদোন্নতি ০২(দুই) বৎসরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

০৬। সেহেতু, এক্ষণে জনাব পেয়ার আহাম্মদকে এই বিভাগীয় মামলায় ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩(সি) অনুযায়ী 'বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ' এর অপরাধে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য তার পদোন্নতি স্থগিত করার লঘুদণ্ড প্রদান করা হল।

স্বাক্ষরিত/-

(ড. নমিতা হালদার এনডিসি)

সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

নং-৪৯.০০.০০০০.০৫০.২৭.০১৭.১৮-১২৫ (৯)/১(৭)

তারিখ : ১০ বৈশাখ ১৪২৫
২৪ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। জনাব পেয়ার আহাম্মদ, সিনিয়র ইন্সট্রাক্টর, বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।
- ৬। সহকারি প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।

জি.সি.সি.
৬/৩/২০১৮

(মোঃ সৌহেল পারভেজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪৯৩৪৭১০৮